আলমডাঙ্গায় জামায়াতের মেয়র প্রার্থী টিপুর গণসংযোগ

আলমডাঙ্গা পৌরসভার জামায়াত মনোনীত মেয়র প্রার্থী নূর মোহাম্মদ হোসাইন টিপুর গণসংযোগ ও প্রচার-প্রচারণা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার আসরের নামাজের পর জামায়াত মনোনীত আলমডাঙ্গা পৌর মেয়র প্রার্থী শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু গার্মেন্টসপট্টির দোকানগুলোতে গণসংযোগ করেন। এ সময় তাকে স্বাগত জানান আলমডাঙ্গা পৌর জামায়াতের সেক্রেটারি মুসলিম উদ্দিন।

গণসংযোগ ও প্রচার-প্রচারণায় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের আইন-আদালত বিষয়ক সম্পাদক ও আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী দারুস সালাম, কুমারী ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী রাশেদ মামুন, আব্দুল কুদ্দুস, আশরাফুল বাবু, মাওলানা হোসাইন মাহফুজ, মোশাররফ হোসেন প্রমুখ।

গণসংযোগকালে ব্যবসায়ীদের সঙ্গে টিপু তার নির্বাচনী পরিকল্পনা নিয়ে আলোচনা করেন এবং পৌর এলাকাকে আধুনিকায়নের লক্ষ্যে সবার দোয়া ও সার্বিক সমর্থন কামনা করেন।

গাংনীতে জামায়াতের মেয়র প্রার্থী রবিউল

বাংলাদেশ জামায়াতে ইসলামী সাংগঠনিক সিদ্ধান্ত মোতাবেক মেহেরপুরের গাংনী পৌরসভার মেয়র প্রার্থী হিসেবে গাংনী উপজেলা জামায়াতের আমীর রবিউল ইসলামের নাম ঘোষণা করা হয়েছে।

গতকাল মঙ্গলবার জামায়াত ইসলামীর গাংনী উপজেলা শাখার এক প্রেস বিবৃতির মাধ্যমে এ সিদ্ধান্তের কথা জানানো হয়।

মেয়র প্রার্থী আব্দুল কাদের ওপর হামলার অভিযোগ আওয়ামীলীগ নেতা এমএ ফয়সালের বিরুদ্ধে

দর্শনা পৌরসভা উপ-নিবার্চনের মেয়র প্রার্থী আব্দুল কাদের ও অপুর হামলা ও মারপিট করেছে আওয়ামীলীগ নেতা এমএ ফয়সাল। এ হামলায় বাংলাদেশ জামায়াত ইসলামের সাবেক দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান ও দর্শনা পৌরসভার মেয়র প্রার্থী আব্দুল কাদের (৫৮) ও সফর সঙ্গী আমির ও সাবেক কাউন্সিলার সাহিকুল আলম অপু (৪০) আহত হয়।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৫টার দিকে দর্শনা পৌরসভার উপ নির্বাচনের মেয়র প্রার্থী আব্দুল কাদের দলীয় নেতাকর্মীদের সাথে নিয়ে দর্শনা রামনগর গ্রামে নির্বাচনী গণ-সংযোগ করতে যায়।

এসময় রামনগর গ্রামের আওয়ামী লীগ নেতা ও তার সাঙ্গপঙ্গরা তাদের উপর অতর্কিত ভাবে হামলা চালায়। এতে মেয়র প্রার্থী আব্দুল কাদের সহ সঙ্গী দর্শনা পৌর সভার ২নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর সাহিকুল আলম অপু আহত হয়।

এ বিষয়ে মেয়র প্রার্থী আব্দুল কাদের বলেন, দর্শনা রামনগর মোড়ে চায়ের দোকানে চা খেয়ে মসজিদের দিকে নামাজ পড়ার উদ্যেশ্যে যাচ্ছিলাম। এমন সময় দর্শনা পৌরসভার ৬ ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ ফয়সাল ও তার ভাই ফলেহার হঠাৎ করে এসে আমাকে ধাক্কা মেরে ফেলে দিয়ে লাথি মারে এবং অপুকে কিল-ঘুষি মারতে থাকে এবং বাশেঁর লাঠি দিয়ে মারতে আসে এ সময় আশে পাশের লোকজন আমাদেরকে রক্ষা করে। এরপর আমরা চলে আসি। আমার বা পায়ে মারাত্মক চোট পেয়েছি। আপরদিকে অপুর বা চোঁখের কোনে চোট লেগে ফুলে গেছে।

এ বিয়ষ এমএ ফয়সাল জানান, মসজিদে গিয়ে আওয়ামীলীগের বিরুদ্ধে নানা অপ-প্রচার করছিল। এ কারণে ধাক্কা-ধাক্কি দিয়ে গ্রাম থেকে বের করে দিয়েছি। দর্শনা পৌরসভা উপ-নিবার্চনের প্রচার প্রচারনা শুরু হতে না হতেই এর উপর হামলা ও মারপিটের ঘটনায় সুস্থ্য নিবার্চন অনুষ্ঠিত হওয়া নিয়ে সাধারণ ভোটাদের মধ্যে নানা প্রশ্ন উঠেছে।

এ বিষয় উপজেলা নিবার্হী অফিসার রোকসানা মিতার নিকট প্রার্থীদের নিরাপত্তার বিষয় জানতে চাইলে তিনি জানান, বিষয়টি জানি না। জানার পর আমি দেখবো।